

সিলেট বোর্ডে সবার সেরা সিলেট ক্যাডেট কলেজ

■ সিলেট অফিস

সিলেট শিক্ষা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় পাসের হার ৮১.৮২ শতাংশ। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৪৫২ জন। এ বোর্ডে বিজ্ঞান বিভাগে পাসের হার সর্বোচ্চ ৯৫.১২৫ শতাংশ। মানবিকে সর্বনিম্ন পাসের হার ৭৬.৪৬। ব্যবসায় শিক্ষা বিভাগে পাসের হার ৮৯.২৮।

সিলেট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আব্দুল মান্নান খান শনিবার সকাল সাড়ে ১০টায় আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন। গত বছর ২০১৪ সালের তুলনায় সিলেট শিক্ষা বোর্ডে এবার পাসের হার ও জিপিএ-৫ কমেছে। আগের বছর পাসের হার ছিল ৮৯ দশমিক ২৩ ভাগ। গতবারের চেয়ে পাসের হার কমেছে ৭.৪১ ভাগ। এ বছর জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৪৫২ জন। গত বছর ছিল ৩ হাজার ৩৪১ জন।

সিলেট শিক্ষা বোর্ডের টপ-টুয়েন্টি: সিলেট শিক্ষা বোর্ডের টপ-টুয়েন্টির মধ্যে প্রথম স্থানে রয়েছে সিলেট ক্যাডেট কলেজ। কলেজের ৫৪ জন পরীক্ষার্থীর সবাই এ প্রাস পেয়েছে। দ্বিতীয় অবস্থানে রয়েছে জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ। প্রতিষ্ঠানটি ১৪২টি জিপিএ-৫ পেয়েছে।

বোর্ডে সর্বোচ্চ জিপিএ পেয়েও তৃতীয়: বোর্ডে সর্বোচ্চ

১৫৩টি জিপিএ-৫ পেয়ে তৃতীয় স্থানে আছে ব্রু-বার্ড স্কুল এন্ড কলেজ। টপ-টুয়েন্টিতে স্থানপ্রাপ্ত অন্য প্রতিষ্ঠানগুলো হচ্ছে: সরকারি অগ্রগামী উচ্চ বালিকা বিদ্যালয় চতুর্থ স্থান অধিকার করেছে ১২৯ টি জিপিএ-৫ পেয়ে। আর ১০৫টি জিপিএ-৫ পেয়ে পঞ্চম অবস্থানে সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়। এরপরে ষষ্ঠ স্থানে বিএএফ শাহীন স্কুল এন্ড কলেজ মৌলভীবাজার, সপ্তম-স্বলার্সহোম স্কুল এন্ড কলেজ, অষ্টম-হোমনাড আইডিয়েল স্কুল, নবীগঞ্জ, নবম-সরকারি

উচ্চবিদ্যালয়, হবিগঞ্জ সদর, দশম-বিকে জে হাইস্কুল হবিগঞ্জ, একাদশ-বর্ডার গার্ল পাবলিক স্কুল এন্ড কলেজ সিলেট, দ্বাদশ-দি ফ্লাওয়ার্স কেজি এন্ড হাইস্কুল মৌলভীবাজার, ত্রয়োদশ-আল-আমিন জামেয়া ইসলামিয়া হাইস্কুল সিলেট, চৌদ্দদশ-দি বার্ডস

পাসের হার ৮১.৮২,
জিপিএ-৫- ২৪৫২

রেনিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ শ্রীমঙ্গল, পনেরোতম-শাহজালাল জামেয়া ইসলামিয়া স্কুল এন্ড কলেজ, যোলতম-রোকিয়া খাতুন লাইসিয়াম স্কুল মৌলভীবাজার, সতেরোতম-বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হাইস্কুল হবিগঞ্জ, আঠারোতম-বাংলাদেশ ব্যাংক স্কুল সিলেট, উনিশতম মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় মৌলভীবাজার ও বিশতম সরকারি এসসি হাইস্কুল সুনামগঞ্জ।